



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন নং-১
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০
ফোন নং- ৮৮০-৩১-৭২৩৭৫৪, ফ্যাক্স নং- ৮৮০-৩১-৭১০৯৮৪
E-mail- gso@gso.gov.bd
Website-www.gso.gov.bd



স্মারক নং- ১৮.১৭.১৫০০.৩০৬.৩৩.০৪২.১৮.১৭

তারিখ:- ২০-০৭-২০২০ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা সীফ্যারার, ম্যানিং এজেন্ট, মেরিটাইম একাডেমি, মেরিটাইম ইন্সটিটিউট এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নৌপরিবহন অধিদপ্তরের পত্র নং-১৮.১৭.০০০০.০১৯.১৮.০০৭.১৮/৫৪৫৪ তারিখ ০৬-১০-২০১৯ এর প্রেক্ষিতে সীফ্যারারদের সিডিসি ইস্যুর আবেদন প্রক্রিয়াটি অনলাইন ভিত্তিক করা হয়েছে। ১৫.০৭.২০২০ খ্রিঃ তারিখ হতে সকল ধরনের সিডিসি ইস্যুর আবেদন অনলাইনে গ্রহণ করা শুরু হয়েছে। সংশ্লিষ্ট সকলকে অনলাইনে সিডিসি ইস্যুর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

অনলাইন রেজিস্ট্রেশন ও আবেদন পদ্ধতিঃ

১. অনলাইনে সিডিসি আবেদন এর জন্য আমাদের ওয়েব সাইট (www.gso.gov.bd) ভিজিট করুন। ওয়েবসাইটে “অনলাইনে সিডিসির আবেদন” মেনুতে ক্লিক করলেই সিডিসির অনলাইন আবেদন ওয়েবসাইটটি ওপেন হবে। সেখানে “Sign Up” অপশনে ক্লিক করলেই অনলাইন রেজিস্ট্রেশন পেইজ ওপেন হবে। সেখানে আবেদনকারী প্রয়োজনীয় তথ্য ও রেজিস্টার্ড মোবাইল নাম্বার দিয়ে সাবমিট করলেই সেই মোবাইল নাম্বারে একটি ও.টি.পি (OTP-One Time Password) আসবে। সেই নাম্বার ইনপুট করলে আবেদনকারীর প্রোফাইল পেইজে প্রবেশ করবে। আবেদনকারী তাঁর প্রয়োজন অনুসারে নতুন/নবায়নকৃত/ডুপ্লিকেট সিডিসির জন্য আবেদন করতে পারবেন।
২. নতুন/নবায়নকৃত/ডুপ্লিকেট সিডিসির জন্য অনলাইন আবেদনের সাথে Requirement অনুসারে প্রয়োজনীয় ডকুমেন্টস/সার্টিফিকেট এর মূল কপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (100 kb এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করতে হবে। সকল তথ্য পূরণ, ডকুমেন্টস/সার্টিফিকেট এবং ছবি আপলোড সম্পন্ন করে আবেদন অনুসারে অনলাইন পেমেন্ট সম্পন্ন করলে আবেদনটি অত্র অফিসে চলে আসবে।
৩. অনলাইন রেজিস্ট্রেশন ও আবেদন প্রক্রিয়ার কোন ধাপে ওয়েবসাইট সিস্টেমে সমস্যার সম্মুখীন হলে আমাদের সিস্টেম ডেভেলপারের সাপোর্ট টিমের সাথে যোগাযোগ করতে হবে। সাপোর্ট টিমের বিস্তারিত নিচে দেয়া হলোঃ

সিডিসি গ্রহণ প্রক্রিয়াঃ

১. সিডিসি গ্রহণের জন্য কমপক্ষে (০৩) তিন দিন পূর্বে অনলাইন আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
২. আবেদনকারী সিডিসি গ্রহণের জন্য অত্র অফিসে সকাল ১০.০০ ঘটিকার পূর্বে নিম্নলিখিত ডকুমেন্টসসহ উপস্থিত হতে হবেঃ
 - (ক) অনলাইন আবেদনের সাথে আপলোডকৃত সকল ডকুমেন্টস/সার্টিফিকেট এর মূল কপি;
 - (খ) সকল ডকুমেন্টস/সার্টিফিকেট এর একসেট ফটোকপি;
 - (গ) মেট পেপারে তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ও ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের (25 cm X 20 cm) রঞ্জিন ছবি (কালো কোট, শার্ট, টি শার্ট এবং ক্যাপ বা টুপি পরে তোলা ছবি গ্রহণযোগ্য নয়);
 - (ঘ) নতুন সিডিসি: মূল পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে) ও নাগরিক সনদপত্র;
 - (ঙ) সিডিসি নবায়ন : মূল পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, পুরাতন সিডিসি ;
 - (চ) ডুপ্লিকেট সিডিসি: মূল পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, থানার জিডি কপি, পত্রিকার হারানো বিজ্ঞপ্তি, ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্প এফিডেভিট ও নাগরিক সনদপত্র;
 - (ছ) অনলাইন আবেদন কপি ও পেমেন্ট স্লিপের কপি;
৩. উপস্থিত আবেদনকারীর নিকট হতে একটি লিখিত অঙ্গীকারনামা অনলাইনে আবেদনকৃত ডকুমেন্ট এর ফটোকপিসহ গ্রহণপূর্বক তাঁর অনলাইন আবেদন ও ডকুমেন্টস যাচাই করে সঠিক পাওয়া গেলে সিডিসি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. প্রতিদিন আনুমানিক ১০টা করে সিডিসি ইস্যু করা হবে বিধায় আগে আসলে আগে পাবেন নীতিতে সিডিসির আবেদন যাচাই প্রক্রিয়া শুরু করা হবে। তাই সকাল ১০.০০ ঘটিকার পূর্বে সিডিসি এর জন্য উপস্থিত হতে অনুরোধ করা হল।


মোঃ জাকির হোসেন চৌধুরী
শিপিং মাস্টার, চট্টগ্রাম।

স্মারক নং- ১৮.১৭.১৫০০.৩০৬.৩৩.০৪২.১৮.১৭/১(২০)

তারিখ:- ২০-০৭-২০২০ খ্রি:

বিতরণঃ- ওয়েবসাইট, সরকারী সমুদ্র পরিবহন (শিপিং) অফিস, চট্টগ্রাম।

অনুলিপি:- সদয় অবগতির জন্য-

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

২। গাভ ফাইল, প্রশাসন শাখা, সরকারী সমুদ্র পরিবহন (শিপিং) অফিস, চট্টগ্রাম।

